গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.০০০.২০১.২৫.০০১২.২৫.২৯০

তারিখ: ২০ আশ্বিন ১৪৩৩ / ০৫ অক্টোবর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: ১৪২তম 'সার্ভে এন্ড সেটেলমেন্ট' প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্ত কর্মকর্তাগণের তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের পরিচালনায় ঢাকা জেলা সাভার থানাধীন বিসিএস লাইভস্টক একাডেমির মসজিদ সংলগ্ন মাঠে স্থাপিত যৌথ ক্যাম্পে আগামী ৩০-১০-২০২৬ হতে ২০-১২-২০২৬ তারিখ পর্যন্ত '১৪২তম সার্ভে এন্ড সেটেলমেন্ট' প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে।

০২। বর্ণিত কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়নের জন্য বিসিএস (প্রশাসন, পুলিশ, বন, রেলওয়ে) এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের (ইতোপূর্বে যারা বর্ণিত প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করেছেন তারা ব্যতীত) কর্মকর্তাগণের নামের তালিকা আগামী **১৮ অক্টোবর ২০২৬** তারিখের মধ্যে ই-মেইলে (it2@mopa.gov.bd)/ সরাসরি/ ডি-নথিতে নিম্নোক্ত ছকে তথ্য প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ছক

ক্রমিক	পরিচিতি নম্বর	নাম	পদবি	কর্মস্থল	সেলফোন নম্বর	ব্যাচ	মন্তব্য

০৫-১০-২০২৬
ফয়সাল আহমেদ
উপসচিব
ফোন : ২২৩৩৮৯২৩৪
ইমেইল : it2@mopa.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সিনিয়র সচিব/সচিব (সকল)..... মন্ত্রণালয়/ বিভাগ (উপর্যুক্ত কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)।
৩। বিভাগীয় কমিশনার (সকল) ..... বিভাগ (উপর্যুক্ত কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)।
৪। জেলা প্রশাসক (সকল) ..... জেলা (উপর্যুক্ত কর্মকর্তা মনোনয়নের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব, নিয়োগ, পদোন্নতি ও প্রেষণ অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);।
৮। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। যুগ্মসচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। অফিস/ মাস্টার, কপি।

